গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।
www.shibaloy.manikganj.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৬৭৮.০০০.০৩.০০১.২২-১১৩

তারিখ: ২৯ মাঘ ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি ২০২৪

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩১ পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে টোল আদায়ের লক্ষ্যে শিবালয় উপজেলাধীন ১৯টি হাট-বাজার ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত তারিখ ও সময়ে এবং বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে: (উল্লেখ্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে বিগত ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে ৬% বৃদ্ধি করে সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে)। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। কোন হাট-বাজার প্রথম পর্যায়ে ইজারা দরপত্র গৃহিত হলে পরবর্তী পর্যায়ে ইজারা দরপত্র গ্রহণ করা হবে না এবং ইজারা দরপত্র গৃহিত না হলে সে সকল হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত পর্যায়ক্রমে পরবর্তী তারিখসমূহে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এজন্য প্রত্যেক বার ইজারা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত মূল্যে উল্লিখিত দরপত্রসমূহ ক্রয় করতে হবে। দরপত্র সংক্রান্ত তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে এবং নিজস্ব ওয়েবসাইটে (www.shibaloy.manikganj.gov.bd) দেখা যাবে।

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	১৪৩১ বাংলা সালের সরকারি মূল্য (বিগত তিন বছরের গড় মূল্যের সাথে ৬% বর্ধিত হারে)	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
০১	তেওতা	জাফরগঞ্জ হাট (নদীবন্দর হাট-বাজার)	৭,০৭,৪৫৬/-	২,০০০/-
০২		রাজগঞ্জ বাজার	২১,৮৮৩/-	৫০০/-
০৩		তেওতা হাট	২১,৭৪৮/-	৫০০/-
০৪	উথলী	উথলী হাট	৩,৭০,২১৫/-	১,২০০/-
০৫		নয়াবাড়ি হাট	৬,৪৩১/-	৫০০/-
০৬		বাড়াদিয়া হাট-বাজার	১,২০৮/-	৫০০/-
০৭	শিবালয়	শিবালয় হাট-বাজার	২,৯৯,৮৩,৮৬৭/-	৬০,৪০০/-
০৮		হেমগঞ্জ বাজার	১,২৪৩/-	৫০০/-
০৯	উলাইল	আমডালা হাট (কাঁচাবাজারসহ)	৩৭,৫৪০/-	৫০০/-
১০		রুপসা হাট (কাঁচাবাজারসহ)	২,৫০,০২৫/-	১,২০০/-
১১		টেপড়া বাজার	২,৭৩,৫১৫/-	১,২০০/-
১২	আরুয়া	মালুচী হাট	৪৩,৭০৭/-	৫০০/-
১৩		নালী হাট	২৮,২৬৯/-	৫০০/-
১৪	মহাদেবপুর	বরংগাইল হাট (কাঁচা বাজারসহ)	২১,২২,৩১৬/-	৪,৮০০/-
১৫		মহাদেবপুর হাট	৩২,২৪৩/-	৫০০/-
১৬	শিমুলিয়া	তাড়াইল হাট (কাঁচা বাজারসহ)	৩২,২২৬/-	৫০০/-
১৭		বুতুনী হাট	১,৬৮৫/-	৫০০/-
১৮		শাকরাইল হাট	১,৭৯০/-	৫০০/-
১৯		ইন্তাজগঞ্জ বাজার	৭৭,৯১০/-	৫০০/-

১৪৩১ বাংলা সালের ক্যালেন্ডার এর বিবরণ

বিবরণ	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র বাক্স খোলার সময়
প্রথমবার	০৬ মার্চ ২০২৪ পর্যন্ত	০৭ মার্চ ২০২৪	সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	দুপুর ২:০০ টা
দ্বিতীয়বার	১৩ মার্চ ২০২৪ পর্যন্ত	১৪ মার্চ ২০২৪	ঐ	ঐ
তৃতীয়বার	২০ মার্চ ২০২৪ পর্যন্ত	২১ মার্চ ২০২৪	ঐ	ঐ

১২.২.২৪

(মো: বেলাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১৬০০১
ই-মেইল: unoshibalay@mopa.gov.bd

চলমান-০২

CS CamScanner

শর্তাবলী

০১. ১ লা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, মানিকগঞ্জ, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), শিবালয়-এর কার্যালয়, শিবালয় পুলিশ স্টেশন ও সোনালী ব্যাংক, শিবালয় শাখা হতে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালে ক্রয় এবং নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসেকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় বা সহকারী কমিশনার (ভূমি), শিবালয়-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিন দুপুর ২:০০ টায় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে; অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে; বছর শেষে অব্যয়িত অর্থ জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহিত হবে এ সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকর ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মুল্য সংযোজন কর) অবশ্যই একইসঙ্গে পরিশোধ করতে হবে; অন্যথায় তার জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। যদি এ দর সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৬. এক মহালের জন্য ক্রয়কৃত দরপত্র ভিন্ন কোন মহালের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভুক্ত মহালের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭. খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও মহালের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙিয়ে প্রচার করবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি এরকম কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১. ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

১২. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫. কোনপ্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

চলমান-০৩

CamScanner

১৯. হাট-বাজার ইজারা পদ্ধতি বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ সংখ্যক স্মারকে জারিকৃত নীতিমালা এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র (ভবিষ্যতে সংশোধনী জারি হলে তা'সহ) সকল ক্ষেত্রে অনুসৃত হবে।

১২/২/২৪
(মো: বেলাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১৬০০১
ই-মেইল: unoshibalay@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৫৬৭৮.০০০.০৫.০০৪.২২-১১৩

তারিখ: ২৯ মাঘ ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

০২. উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ।

০৩. পুলিশ সুপার, মানিকগঞ্জ।

০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।

০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ।

অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০৬. সহকারী কমিশনার (ভূমি), শিবালয়, মানিকগঞ্জ।

০৭. অফিসার ইনচার্জ, শিবালয় থানা, মানিকগঞ্জ।

০৮. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, শিবালয়, মানিকগঞ্জ।

০৯. সম্পাদক, দৈনিক.., মানিকগঞ্জ; এতদসংযুক্ত সংক্ষিপ্ত বিজ্ঞপ্তিটি (পৃথকভাবে প্রেরিত) প্রকাশিতব্য।

অনুলিপি: নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১০. উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর/সিংগাইর/সাটুরিয়া/ঘিওর/দৌলতপুর/হরিরামপুর, মানিকগঞ্জ।

১১. উপজেলা...অফিসার (অফিস প্রধান সকল), শিবালয়, মানিকগঞ্জ।

১২. সাব-রেজিস্ট্রার, শিবালয়, মানিকগঞ্জ।

১৩. চেয়ারম্যান...ইউনিয়ন পরিষদ (সকল), শিবালয়, মানিকগঞ্জ।

১৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...ইউনিয়ন ভূমি অফিস, শিবালয়, মানিকগঞ্জ।

১৫. পোস্টমাস্টার, শিবালয় ১৮৫০/আরিচা ১৮৫১/তেওতা ১৮৫২/উথলি ১৮৫৩, মানিকগঞ্জ।

অনুলিপি: অবগতির জন্য

১৬. জনাব, ... ১৪৩০ সনের ইজারাদার, ...হাট/বাজার, শিবালয়, মানিকগঞ্জ।

১২/২/২৪
(মো: বেলাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১৬০০১
ই-মেইল: unoshibalay@mopa.gov.bd

CS CamScanner